# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-04-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০১৬ সালের এস এস সি নিয়োগের মামলায় কলকাতা হাইকোর্টের রায়কে বহাল রেখেই ২৫ হাজার ৭৫২ জনের চাকরি বাতিল করল সুপ্রিম কোর্ট।

বিচার ব্যবস্থাকে সম্মান করলেও শীর্ষ আদালতের এই রায়কে তিনি মানতে পারছেন না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

বিজেপি মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও গ্রেফতারীর দাবি জানিয়েছে।

চাকরি বাতিল নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে বিভিন্ন জেলার স্কুলে ব্যাপক প্রভাব পড়েছে।

২) রাজ্যের স্কুলগুলিতে ৩০-শে এপ্রিল থেকে গরমের ছুটি ঘোষণা করা হয়েছে।

৩) বাঁকুড়া সদর, শালতোড়া ও পশ্চিম মেদিনীপুরের পিঙ্গলাতে রামনবমীর শোভাযাত্রার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪) ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ান অ্যান্ড ওয়ার্কার্স কার্ড না থাকলেও টলি পাড়ায় কাজ পাওয়ার ক্ষেত্রে কলাকুশলীদের সঙ্গে কোন বৈষম্যমূলক আচরণ করা যাবে না বলে কলকাতা হাইকোর্টের নির্দেশ।

৫) ইডেনে আজ আই পি এল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি।

oooooooooooooooooooooooo

২০১৬ সালের এসএসসি নিয়োগের মামলায় আজ কলকাতা হাইকোর্টের রায়কেই বহাল রেখেছে সুপ্রিম কোর্ট। বাতিল হয়েছে ২৫ হাজার ৭৫২ জনের চাকরি। প্রধানবিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চ আজ জানিয়েছে, চাকরিতে নিয়োগের ক্ষেত্রে দুর্নীতি হয়েছে তার প্রমাণ মিলেছে। বহু প্রার্থী রয়েছেন যারা ২০১৬ সালের আগে অন্য কোন সরকারি দপ্তরে বা স্কুলেই চাকরি করতেন। তারা চাইলে ফের পুরনো জায়গায় ফেরত যাওয়ার জন্য স্কুল সার্ভিস কমিশন ও রাজ্যের কাছে আবেদন জানাতে পারবেন। তাদের আবেদন বিবেচনা করতে হবে তিন মাসের মধ্যে। পাশাপাশি যাদের চাকরি বাতিল হচ্ছে প্রত্যেকেই পুনরায় নতুন যে পরীক্ষা নেওয়া হবে তাতে অংশ নিতে পারবেন। চিহ্নিত প্রার্থীদের বেতন ফেরত দিতে হবে হলে জানা গেছে। তিন মাসের মধ্যে নতুন করে নিয়োগ করার জন্য পরীক্ষা নিতে হবে; যেখানে চাকরি হারানো প্রার্থীরা অংশ নিতে পারবেন। এপ্রসঙ্গে আইনজীবি ফিরদৌস শামিম জানালেন-

বাইট

উল্লেখ্য, গত বছর মে মাসে কলকাতা হাইকোর্টের দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বার রাশিদির বেঞ্চ ২০১৬ সালের এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিল করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিচার ব্যবস্থাকে সম্মান করলেও স্কুল সার্ভিস কমিশনের প্রায় ২৬ হাজার শিক্ষক অশিক্ষক কর্মীর চাকরী বাতিলের শীর্ষ আদালতের রায় তিনি মানতে পারছেন না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। নবান্নে আজ এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন, কিছু মানুষের ভুলে সকলে শাস্তি পাচ্ছে। সুপ্রিম কোর্টের রায়ের কিছু অংশ এদিন মুখ্যমন্ত্রী পড়ে শোনান। শীর্ষ আদালতের নির্দেশ মতই আগামী তিন মাসের মধ্যে স্কুল সার্ভিস কমিশন যাতে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করে তার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী)

চাকরী বাতিলের জন্য তিনি বাম বিজেপিকেই দায়ী করেছেন। শিক্ষা ব্যবস্থাকে নষ্ট করে দেওয়াই বিজেপির লক্ষ্য বলে তিনি মন্তব্য করেন। এর বিরুদ্ধে আইনী পথে লড়াই হবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। যাদের চাকরী গেছে, সেই সব ব্যক্তি ইতোমধ্যেই বিচার পাওয়ার জন্য ডিপ্রাইভড টিচার্স অ্যাসোসিয়েশন তৈরি করেছেন। এর আওতায় আগামী ৭ ই এপ্রিল নেতাজী ইন্ডোরে মুখ্যমন্ত্রী তাদের কথা শুনবেন বলে আশ্বাস দেন।

সুপ্রিম কোর্টের রায় ঘোষণার পরই শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ও মুখ্য সচিব মনোজ পন্থের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooo

প্রায় ২৬ হাজার চাকরী বাতিলের দায় নিয়ে মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও তাকে গ্রেপ্তারির দাবি জানিয়েছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, অর্থের বিনিময়ে চাকুরীরত অযোগ্যদের বাঁচাতে যোগ্যদের শাস্তি দেওয়া হল। তিনি বলেন, ২০২২-এর ৫ই মে রাজ্য সরকার মন্ত্রিসভায় অযোগ্যদের বাঁচানোর জন্য সুপার নিউমারি পোস্ট তৈরি করেছিল, যা সম্পূর্ণ বেআইনী।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooo

বিজেপি, রাজ্যে নিয়োগ দুর্নীতির প্রতিবাদে আগামী **১৩**তারিখ প্রতিবাদ মিছিল করবে। দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন,কলেজ স্কোয়ার থেকে রানী রাসমণি অ্যাভিনিউ পর্যন্ত এই মিছিল হবে।

তিনি অভিযোগ করেন,অযোগ্য চাকরি প্রার্থী এবং কয়েকশো তৃণমূল কংগ্রেস নেতাকে সুরক্ষা দিতে মুখ্যমন্ত্রী আজ ২৬হাজার পরিবারকে পথে বসিয়েছেন। মন্ত্রিসভার বৈঠকে সুপার নিউমারি পোস্ট তৈরি করে মুখ্যমন্ত্রী অযোগ্যদের বাঁচাতে যোগ্যদের বলি দিয়েছেন। তাই মুখ্যমন্ত্রী সহ মন্ত্রিসভার সদস্যদের অবিলম্বে গ্রেফতার করা উচিত।

রাজ্য সভাপতি আরও জানান,সিবিআই তদন্ত করলেও স্কুল সার্ভিস কমিশন সিবিআইকে সব তথ্য দেয়নি। মুখ্যমন্ত্রী সাংবাদিক বৈঠক করে সিবিআই এবং বিজেপির ওপর দায় চাপালেও আদালতের নির্দেশে যোগ্য ও অযোগ্যদের বাছাই করার দায়িত্ব সিবিআই বা বিজেপির নয়। যারা শাসকদলের নেতাদের টাকা দিয়ে চাকরি পেয়েছেন অবিলম্বে সেই নেতাকে আটক করে টাকা আদায় করার জন্য শ্রী মজুমদার চাকরি প্রার্থীদের উদ্দেশ্যে আবেদন জানিয়েছেন। একই সঙ্গে পরবর্তীকালে কলেজ সার্ভিস কমিশন ও ডব্লিউবিসিএস পরীক্ষার নিয়োগ নিয়েও তদন্তের জন্য তিনি দাবি জানিয়েছেন।

পাশাপাশি এক্স হ্যান্ডেলে রাজ্য সভাপতি জানান,যোগ্য চাকরিপ্রার্থীরা সহায়তার জন্য তার সঙ্গে যোগাযোগ করতে পারবেন। ডব্লিউবিএসএসসি ডট সুকান্ত অ্যাটদারেট জিমেইল ডট কমে চাকরিপ্রার্থীরা যোগাযোগ করতে পারবেন।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায়ে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ পাওয়া প্রায় ২৬ হাজার চাকরী বাতিলের প্রতিবাদে বিজেপির যুব মোর্চা আজ কলকাতার বিভিন্ন জায়গায় বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। যুব মোর্চার সভাপতি ইন্দ্রনীল খাঁর নেতৃত্বে বিজেপি কর্মী সমর্থকরা রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান। এই দুর্নীতির রায় নিয়ে মুখ্যমন্ত্রীর অবিলম্বে পদত্যাগের দাবি জানিয়েছেন ইন্দ্রনীল খাঁ।

বাম ছাত্র যুব সংগঠনগুলিও চাকরী বাতিলের জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে। এক যৌথ বিবৃতিতে সংগঠনগুলি যোগ্য শিক্ষক শিক্ষিকাদের অবিলম্বে স্কুলে ফেরোনার দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের শিক্ষা জগতের কালো দিন ঘনিয়ে এসেছে, এই আখ্যা দিয়ে ও তৃণমূল কংগ্রেসের প্রাতিষ্ঠানিক দূর্নীতির অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস আজ বিক্ষোভ কর্মসূচী পালন করে। সন্ধ্যায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনের সামনে মোমবাতি

জ্বালিয়ে তৃণমূল কংগ্রেসের প্রাতিষ্ঠানিক দূর্নীতির প্রতিবাদে প্রদেশ কংগ্রেস এর নেতা, কর্মী সমর্থকরা  কর্মসূচি পালন করেন।

ooooooooooooooooooooooo

এস এস সি রায় নিয়ে মুখ্যমন্ত্রী সম্পূর্ণভাবে দায়ী বলে অভিযোগ তুলেছেন প্রদেশ কংগ্রেস নেতা অধীর চৌধুরী। মমতা ব্যানারজি যুবকদের ভবিষ্যৎ নিয়ে জুয়া খেলেছেন বলে উষ্মা প্রকাশ করেন তিনি। তার দাবি, যোগ্য-অযোগ্য সকলেই এই সরকারের দুর্নীতির শিকার।

(বাইট – অধীর)

বাতিল হওয়া শিক্ষকদের নতুন করে নিয়োগের দাবি তুলেছেন প্রদেশ কংগ্রেস নেতা অধীর চৌধুরী। এ বিষয়ে মুখ্যমন্ত্রী কে কটাক্ষ করেছেন তিনি।  বাংলায় প্রচুর শূন্যপদ আছে উল্লেখ করে  অধীর বাবু বলেন, আবার পরীক্ষা নিয়ে তাদের সুযোগ দেবার দাবি করেছেন তিনি।

এদিকে সুপ্রিম কোর্টের রায়ে এসএসসি র প্রায় ২৬ হাজার চাকরি প্রার্থীর চাকরি হারানোর জন্য ছাত্র সংগঠন ABVP তৃণমূল কংগ্রেস  পরিচালিত রাজ্য সরকার কে দায়ী করেছে। নিয়োগ দুর্নীতিতে ব্যাপক স্বজনপোষণ ও অনিয়মের কারনেই এই পরিনতি হল গোটা প্যানেলের বলে সংগঠন মনে করে। এর  তীব্র প্রতিবাদ জানিয়ে এবিভিপি রাজ্য সম্পাদক অনিরুদ্ধ সরকার বলেন, তৃণমূল কংগ্রেস নেতারা নিয়োগের নামে কোটি কোটি টাকা ঘুষ নিয়েছেন এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অন্ধকারে ঠেলে দিয়েছেন। নিয়োগ দুর্নীতির মূল হোতাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট,  হাইকোর্টের রায় বহাল  রাখায় এসএসসির প্রায় ২৬ হাজার প্রার্থীর চাকরি বাতিল হয়েছে। সুপ্রিম কোর্টই ছিল তাদের কাছে শেষ আশা। আজকের রায়ের পর

তারা স্তম্ভিত। তাদের একটি প্রতিনিধি দল আজ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে দেখা করতে যান। চাকরি হারানো এমনই একজনের সঙ্গে কথা বলেছিলেন আমাদের প্রতিনিধি।

(বাইট)

oooooooooooooooooooooo

চাকরি বাতিল নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের জেরে বিভিন্ন জেলার স্কুলেও ব্যাপক প্রভাব পড়েছে।

এই তালিকায় রয়েছেন পশ্চিম বর্ধমানের দুর্গাপুর নেপালি পাড়া হাই স্কুলের ৮ জন শিক্ষক শিক্ষিকা। জাতীয় শিক্ষক হিসাবে সম্মানিত স্কুলের প্রধান শিক্ষক কলিমুল হক জানিয়েছেন, এই রায়ে তারা চিন্তাগ্রস্ত। যোগ্য প্রাথীরাই স্কুলে শিক্ষকতায় নিযুক্ত আছেন জানিয়ে আদালতের রায় পুনর্বিবেচনার আবেদন জানান তিনি।

বিভিন্ন স্কুলের মতো সমস্যায় পড়তে চলেছে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট হাইস্কুল ও। স্কুলের প্রধান শিক্ষক সৃজিত সাহা জানান, সুপ্রিম কোর্টের এই রায়ে চাকরি হারাতে চলেছেন স্কুলের চার শিক্ষক এবং দুইজন অশিক্ষক (ক্লারিক্যাল) কর্মচারী। সেক্ষেত্রে বিষয়ভিত্তিক পড়ানোর সঙ্গে সঙ্গে স্কুলের অন্যান্য কাজেও অসুবিধার সম্মুখীন হতে হবে। এ বিষয়ে দক্ষিণ দিনাজপুর পরিদর্শক দেবাশিস সমাদ্দার বলেন, এই দিনের রায়ের কোনো নামের লিস্ট না থাকলেও আগে হাইকোর্টের পাঠানো ৫১১ জন শিক্ষক এবং ৭০ জন অশিক্ষক কর্মীর নাম রয়েছে ।

আদালতের রায়ে চাকরি হারানোর তালিকায় যুক্ত হলো বাঁকুড়ার ইন্দাস হাইস্কুলের ছয় জন শিক্ষকের নাম। তার মধ্যে রয়েছেন একজন ল্যাব অ্যাসিস্ট্যান্ট। আগামীকাল থেকে পরীক্ষা শুরু হওয়ার কথা। তার মধ্যে এই রায়ে অসুবিধায় পড়েছেন স্কুলের প্রধান শিক্ষক।

সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানোর তালিকায় যুক্ত হলেন কোচবিহারের শীতলকুচি গোপীনাথ উচ্চতর বিদ্যালয় এর সাত শিক্ষক এবং দুইজন অশিক্ষক কর্মচারী। স্কুলের প্রধান শিক্ষক মৃত্যুঞ্জয় বণিক জানিয়েছেন, এই স্কুলে ২৭ জন শিক্ষক ছিলেন। এখন হলেন ২০ জন । এর জেরে সমস্যায় পড়বে স্কুল কর্তৃপক্ষ।

আদালতের রায়ে চাকরি হারালেন জলপাইগুড়ির ফনীন্দ্র দেব বিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষিকা তনুশ্রী সূত্রধর। বাড়ি তৈরির প্রয়োজনে ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছিলেন তিনি। চাকরি না থাকায় এই ঋণ পরিস্থিতিতে তিনি সমস্যায় পড়েছেন। যোগ্য হলেও অযোগ্যদের সঙ্গে তাকে একই তালিকা ভুক্ত করায় তিনি ক্ষোভ প্রকাশ করেছেন।

oooooooooooooooooooo

নদীয়ার কৃষ্ণনগরে যোগ্য শিক্ষকদের চাকরি বাতিলের বিরুদ্ধে আজ জেলাশাসকের দপ্তরের সামনে বিক্ষোভ দেখায় এস ইউ সি আই। একইসঙ্গে মূল্যবৃদ্ধি, বিদ্যুতের স্মার্ট মিটারের চালুর বিরুদ্ধেও সরব হয় বিক্ষোভকারীরা। ঘটনাস্থলে পুলিশ জেলাশাসকের দপ্তরের গেট বন্ধ রাখলেও এস ইউ সি আই কর্মী সমর্থকরা জোর করে ঢুকে যায়। পরে তাদের পক্ষ থেকে জেলাশাসকের দফতরে ডেপুটেশন জমা দেওয়া হয়।

কোচবিহার সদর মহকুমা শাসকের দফতরের সামনেও আজ এস ইউ সি আই আইন অমান্য আন্দোলনকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। ঘটনাস্থলে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি হয় আন্দোলনকারীদের। মহকুমাশাসকের দফতরের গেট ভেঙে অফিস ঢুকে পড়েন তারা। পরে পুলিশ প্রায় ৪০০ আন্দোলনকারীকে গ্রেপ্তার করে।

এস ইউ সি আই –এর পক্ষ থেকে আজ বর্ধমানেও বিক্ষোভ কর্মসূচী পালন করা হয়। বর্ধমান স্টেশন থেকে মিছিলে কার্জন গেট চত্বর পর্যন্ত পথ পরিক্রমা করেন কর্মী সমর্থকেরা।

উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জে আজ এস ইউ সি আই কর্মীদের আইন অমান্য আন্দোলন কে কেন্দ্র করে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। রাজ্য সরকারের বিভিন্ন জনবিরোধী নীতির প্রতিবাদে এস ইউ সি আই কর্মীরা আদালতের সামনে বিক্ষোভ প্রদর্শন করলে

পুলিশের সঙ্গে তাদের ধস্তাধস্তি হয়। কিছুক্ষনের জন্য বিশৃঙ্খলার পরিবেশ সৃষ্টি হয়। এই ঘটনায় পুলিশ কয়েকজন কে আটক করে।

oooooooooooooooooo

রাজ্যের স্কুলগুলিতে ৩০-শে এপ্রিল থেকে গরমের ছুটি ঘোষণা করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নবান্নে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি বলেন, আগে মে-মাসের দ্বিতীয় সপ্তাহে ছুটি পড়তো, তবে, ইতিমধ্যেই অত্যধিক গরম পড়ে যাওয়ার জন্য এই ছুটি এগিয়ে আনা হচ্ছে। কতদিন এই গরমের ছুটি থাকবে সেব্যাপারে অবশ্য তিনি কিছু জানাননি।

এইদিকে অত্যাধিক গরমের কারনে প্রাথমিক বিদ্যালয়গুলিতে পঠন পাঠনের সময়সীমা বদল করে সকালে করার জন্যে দুই চব্বিশ পরগনা, দুই মেদিনীপুর, হাওড়া, হুগলি, বাঁকুড়া, পুরুলিয়ার মত ৯ জেলার বিভিন্ন স্কুলের তরফে প্রাথমিক শিক্ষা পর্ষদে আবেদন জানানো হয়েছে।

oooooooooooooooooo

বাঁকুড়া সদর, বাঁকুড়ার শালতোড়া ও পশ্চিম মেদিনীপুরের পিংলাতে রামনবমীর শোভাযাত্রা করার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে প্রত্যেক ক্ষেত্রেই পুলিশ প্রশাসনের সঙ্গে সংগঠকদের আলোচনার পর শোভাযাত্রার রুট নির্দিষ্ট করতে হবে বলে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এক রায়ে জানিয়েছেন। তবে মিছিল হতে হবে সম্পূর্ণ শান্তিপূর্ণ।

আদালতের নির্দেশে আরো বলা হয়েছে, বাঁকুড়া সদর এলাকায় গত বছর যে নিয়ম অনুযায়ী মিছিল হয়েছিল সেভাবেই মিছিল করতে হবে। তিন হাজার জনের বেশি তাতে অংশগ্রহণ করতে পারবে না। মিছিলে এসবিআই মোড় থেকে ঘড়ি মোড় পর্যন্ত রুট ব্যবহার করা যাবে না। শব্দবিধি মানতে হবে।

বাঁকুড়ার শালতোড়াতেও  রামনবমীর শোভাযাত্রায়  ৫০ জন থেকে ১০০ জনের বেশি মিছিলে থাকতে পারবেন না। আর মিছিলে রুট ঠিক করতে শালতোড়া থানার ডিএসপি ও সংগঠনদের আলোচনায় বসতে নির্দেশ দেওয়া হয়েছে।

অন্যদিকে পশ্চিম মেদিনীপুরের পিংলায়  রামনবমী উৎযাপন কমিটিকে ৫০০ জন নিয়ে শোভাযাত্রা করার অনুমতি দিয়েছেন বিচারপতি ঘোষ ।

oooooooooooooooooooo

রাজ্যে রাম নবমী যাতে সর্বত্র শান্তিতে পালিত হয় তা নিশ্চিত করতে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য প্রশাসনকে কঠোর নির্দেশ দিয়েছেন। এজন্য পর্যাপ্ত নিরাপত্তা কর্মী মোতায়েনের পাশাপাশি আগেভাগেই সতর্কতামূলক ব্যবস্থা নিতে বলেছেন তিনি। পাশাপাশি রাম নবমিকে কেন্দ্র করে কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটলে তা যাতে তৎক্ষণাৎ রাজভবনকে জানানো হয় সে ব্যাপারেও নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যে শান্তি সম্প্রীতি এবং ঐক্যের পরিবেশ বজায় রাখতে রাজ্যপাল সাধারণ মানুষের কাছে আবেদন জানান।

ooooooooooooooooooooooooo

ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ান এণ্ড ওয়ার্কার্স  কার্ড না থাকলেও আপাতত টলিপাড়ায় কাজ পাওয়ার ক্ষেত্রে কলাকুশলীদের সঙ্গে  কোন বৈষম্যমুলক আচরণ করা যাবেনা বলে কলকাতা হাই কোর্ট  নির্দেশ দিয়েছে। হাই কোর্ট  এর  বিচারপতি অমৃতা সিনহা  একই সঙ্গে  টালিগঞ্জ,  স্টুডিও পাড়ায় অচলাবস্থা কাটাতে  রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিবকে  তদন্ত করার নির্দেশ দিয়েছেন  । চার সপ্তাহের মধ্যে  এই তদন্ত করে হাইকোর্টে রিপোর্ট দিতে হবে। পাশাপাশি  আজ থেকে ফেডারেশন,  কোনো মামলাকারির কাজে বা  পেশায় কোনোভাবে হস্তক্ষেপ করতে পারবে না। ১৯-শে  মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, কলাকুশলীদের সংগঠন ফেডারেশনের বিরুদ্ধে সরব হওয়ায় ঝামেলায় পড়েন টলিপাড়ায় পরিচালক ও কলাকুশলীরা।আটকে যায় তাদের কাজ।বাধ্য হয়েই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন অনির্বান ভট্টাচার্য, পরমব্রত চট্টোপাধ্যায়, বিদুলা ভট্টাচার্য সহ টলিপাড়ার একাধিক পরিচালক ও অভিনেতা।সেই মামলাতেই বিচারপতি সিনহার আজ ঐ নির্দেশ ।

oooooooooooooooooooooooo

ইডেনে আজ সন্ধ্যায় আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হয়েছে।

টসে জিতে সানরাইজার্স , নাইট রাইডার্সকে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে কলকাতা ৫ ওভারে ২ উইকেটে ৩৮ রান করেছে।

দুই দলই তিনটি করে ম্যাচ খেলেছে ও একটি করে ম্যাচে জয়ী হয়েছে। নেট রান রেটে এগিয়ে থাকায় হায়দ্রাবাদ লিগ তালিকায় অষ্টম স্থানে ও কলকাতা, দশ দলের আইপিএলে সবার শেষে রয়েছে।

এদিকে ইডেনে আজকের ম্যাচকে ঘিরে দর্শকদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। এই মুহূর্তে ইডেন প্রায় ভরে উঠেছে। এখনও বিভিন্ন গেটে দর্শকদের লাইন চোখে পড়ছে। গত ম্যাচে মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে শোচনীয় পরাজয়ের পর জয়ে ফিরতে মরিয়া নাইট রাইডার্স।

ooooooooooooooooooooooooo

এবারের স্পটলাইটের বিষয় টিবি মুক্ত ভারত। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাক্তার স্বপ্না মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির প্রথম পর্ব শোনা যাবে আজ । দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামী রবিবার। দুটি পর্বই শুনবেন

সঞ্চয়িতা প্রচারতরঙ্গে রাত সাড়ে আটটায় এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo